



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০২৫/৭৯২

তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি.


শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি জরুরি নির্দেশাবলী

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র যথাসময়ে শিক্ষাবোর্ড থেকে শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হলেও কিছু শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছে তা যথাসময়ে বিতরণ না করে পরীক্ষা শুরুর কিছুদিন পূর্বে কোন কোন ক্ষেত্রে এক দিন পূর্বে শিক্ষার্থীদের কাছে বিতরণ করে থাকে। ফলে ভুলবশত কোন শিক্ষার্থীর ফরম পূরণ না হলেও সময় স্বল্পতার কারণে সে সকল শিক্ষার্থীর ফরম পূরণ করা সম্ভব হয় না।

- ২। অনেক প্রতিষ্ঠানে বোর্ড কর্তৃক বিষয় খোলার অনুমোদন না থাকলেও অননুমোদিত বিষয়ে শিক্ষার্থীদের ভর্তি করে। কিন্তু রেজিস্ট্রেশন এবং ফরম পূরণের সময় প্রতিষ্ঠান কর্তৃক তাদের অননুমোদিত বিষয়ে রেজিস্ট্রেশন ও ফরম পূরণ করে থাকে। যেহেতু শিক্ষার্থীদের পরীক্ষা শুরুর পূর্বের দিন রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্র দেয়া হয় সেহেতু সময় স্বল্পতা এবং পরীক্ষার প্রশ্নপত্র স্থানীয় প্রশাসনের নিরাপত্তা হেফাজতে থাকায় বোর্ডের পক্ষে অননুমোদিত বিষয়ে ফরম পূরণ করে প্রবেশপত্র দেয়া সম্ভব হয় না। ফলে শিক্ষার্থীরা চরম মানসিক যন্ত্রনার শিকার হয় এবং তাদের শিক্ষা জীবন হুমকির মুখে পড়ে।
- ৩। আসন্ন ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সকল শিক্ষার্থীর ফরম পূরণ সম্পন্ন করতে হবে। বিলম্ব ফিসহ ফরম পূরণের নির্ধারিত তারিখ শেষ হওয়ার পর কোন অবস্থাতেই শিক্ষার্থীদের ফরম পূরণের সুযোগ দেয়া হবে না। তাই ২০২৬ সালের এসএসসি ফরম পূরণের জন্য পর্যাপ্ত সময় দেয়া হবে।
- ৪। কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটের রেজিস্ট্রেশন কর্ণার থেকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করে শিক্ষার্থীদের মাঝে বিতরণ সম্পন্ন করে আগামী ৩০/০৯/২০২৫ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিতকরণের প্রমাণস্বরূপ শিক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত রেজিস্ট্রেশন কার্ড বিতরণের তালিকা বোর্ডের মাধ্যমিক শাখায়(রুম নং-৩২১) জমা দিতে হবে। যথাসময়ে বিতরণ না করায় কোন জটিলতা সৃষ্টির অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর রানা নাহারুন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০২৫/৭৯২(০৬)

তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৬। অফিস কপি।